জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

সূত্র: জাতীঃবিঃ/প্রশিক্ষণ/সিইডিপি/বিভিপ্র/আইসিটি/সক্ষমতা/২০২১/২০-২১/০২৫৩ তারিখ: ০২/০২/২০২২

কলেজ শিক্ষকগণের বিষয়ভিত্তিক অনলাইন প্রশিক্ষণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (সিইডিপি)-র আওতায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম কোভিড-১৯ বিশেষ পরিস্থিতিতে অনলাইনে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। ২০তম ব্যাচে রাষ্ট্রবিজ্ঞান, গণিত, সমাজকর্ম ও হিসাববিজ্ঞান এবং ২১তম ব্যাচে বাংলা, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, রসায়ন এবং ভূগোল ও পরিবেশ বিষয়ের প্রশিক্ষণ ২০২২ সালের মার্চ-এপ্রিল মাসে অনুষ্ঠিত হবে। অনলাইনে অনুষ্ঠিতব্য এই প্রশিক্ষণ কার্যকর ও সফলভাবে সম্পন্নের নিমিত্তে সম্ভাব্য প্রশিক্ষণার্থীদের আইসিটি সক্ষমতা যাচাই এর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আইসিটি সক্ষমতা যাচাই এর জন্য একটি প্রশ্নমালা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেয়া আছে। অনলাইন প্রশিক্ষণে মনোনয়ন প্রত্যাশী স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কলেজ পর্যায়ে পাঠদানকারী শিক্ষকগণকে উক্ত প্রশ্নমালা সঠিকভাবে পূরণ করে প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।

** আইসিটি সক্ষমতা বিষয়ক তথ্য প্রেরণের সময়সীমা: ০৫/০২/২০২২ থেকে ১৪/০২/২০২২।
** সার্ভার/নেটওয়ার্ক জটিলতা এড়াতে যত দ্রুত সম্ভব আইসিটি সক্ষমতা বিষয়ক প্রশ্নমালা পূরণ করার জন্য অনুরোধ করা হলো।

নির্দেশক্রমে,

(মো: হাছানুর রহমান)
পরিচালক
শিক্ষক প্রশিক্ষণ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
ইমেইল : ttnubd@gmail.com
শিক্ষক প্রশিক্ষণ অফিসিয়াল ফেসবুক পেজ: http://www.facebook.com/ttnubdOfficial
শিক্ষক প্রশিক্ষণ (টিটিআইএস-প্রশিক্ষণ অনলাইন ডাটাবেজ) তথ্য ও পরামর্শ (অফিস সময়): ০১৯১৫৭২৬৫৭৬

প্রশ্নমালা পূরণের নিয়মাবলী:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রবেশ করুন, এরপর ট্রেনিং মেন্যুতে টিটিআইএস সফটওয়্যার লগইন পেজে উন্মুক্ত করা **IT CAPABILITY QUESTIONNAIRE LINK**-এ ক্লিক করুন। আপনার কলেজের ঠিকানা (বিভাগ ও জেলা), কলেজের নাম, বিষয় ও আপনার নাম সিলেক্ট করুন এবং এরপর **GO TO QUESTIONNAIRE** অপশনে ক্লিক করলে একটি প্রশ্নমালা আসবে। প্রতিটি প্রশ্ন (অনুগ্রহপূর্বক আপনার সক্ষমতার সঠিক তথ্য প্রদান করার জন্য অনুরোধ করা হলো) পূরণ করে **SUBMIT QUESTIONNAIRE ANSWER** বাটনে ক্লিক করুন, এরপরে **ACTION PROCESSED** লেখা আসলে আপনার প্রেরিত তথ্য **টিটিআইএস অনলাইন ডাটাবেজে** চলে আসবে। উল্লেখ্য, প্রশ্নমালা পূরণের জন্য কলেজের কোন প্রকার পাসওয়ার্ড প্রয়োজন হবে না।

(বি.দ্র.: সার্ভে প্রশ্নমালার উত্তর একবারই প্রেরণ করতে পারবেন, একাধিকবার সাবমিট/মোডিফাই করার সুযোগ নেই)

আইসিটি সক্ষমতা যাচাই লিংক:

(TTIS QUICK LINK: **SCAN QR CODE**
and
NU WEBSITE LINK/URL: https://www.nu.ac.bd

সূত্র: জাতীঃবিঃ/প্রশিক্ষণ/সিইডিপি/বিভিপ্র/আইসিটি/সক্ষমতা/২০২১/২০-২১/০২৫৩ তারিখ: ০২/০২/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
২. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. অফিস কপি

LIKE FANPAGE
&
QUICK LOGIN
TTIS

SCAN THIS CODE :
OFFICIAL FACEBOOK
TEACHERS TRAINING FANPAGE

SCAN THIS CODE :
TTIS-TEACHERS TRAINING INFORMATION
SYSTEM LOGIN PAGE

পরিচালক
শিক্ষক প্রশিক্ষণ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়